

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন  
আগারগাঁও, শেরেবাংলা নগর  
ঢাকা-১২০৭


নং-৮০.০০.০০০০.২০০.৫০.০৩৭.২০১৮-৭৭৩

তারিখ : ১৩.০৯.২০১৮

প্রেস নির্দেশনা

৩৯তম বিসিএস পরীক্ষার প্রার্থীদের আবেদনপত্র জমাদানের বিষয়ে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে :

১. কর্ম কমিশনের [www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd) ওয়েবসাইট থেকে Bpsc Form-1 (Applicant's copy) ডাউনলোড করে সংগ্রহ করতে হবে। কমিশনের ০৬.০৯.২০১৮ তারিখের ৮০.০০.০০০০.২০০.০৫২.৫০.১৮-৭৬৫ নং প্রেস বিজ্ঞপ্তির ৬নং অনুচ্ছেদে ক্রমিক (১) থেকে (২০) পর্যন্ত উল্লিখিত সনদ/ডকুমেন্টস Bpsc Form-1 সাথে নির্ধারিত তারিখে কমিশনে জমা দিতে হবে।
২. কমিশনের ওয়েবসাইট থেকে Bpsc Form-3 অনলাইনে পূরণ করে ডাউনলোড করে সংগ্রহ করতে হবে। ডাউনলোডকৃত Bpsc Form-3 আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।
৩. আবেদনপত্রের (Bpsc Form-1) সাথে সংযুক্ত কাগজপত্রের উপর নির্দেশনামতে ক্রমিক নম্বর দিতে হবে।
৪. বাসা থেকে আবেদনপত্র ও কাগজপত্র সেট করে নিয়ে আসতে হবে। কমিশন ভবন চত্বরে জায়গার সাংকুলান না হওয়ায় কমিশন ভবনে আবেদনপত্র পূরণ/সেট করার কাজ করা কঠিন হবে।
৫. কমিশন ভবনে আবেদনপত্র জমাদানের জন্য নির্ধারিত হলরুমে [হলরুম-১ এবং হলরুম-২] এ রেজিস্ট্রেশন নম্বরের সিরিয়াল অনুযায়ী বুথ নির্ধারণ করা থাকবে। প্রার্থীকে তার জন্য নির্ধারিত বুথে দাঁড়িয়ে ফরম জমা দিতে হবে।
৬. আবেদনপত্র জমাদানের বুথে প্রবেশের সময় প্রার্থীদেরকে তার প্রবেশপত্র দেখিয়ে প্রবেশ করতে হবে। প্রার্থী বা তার মনোনীত ব্যক্তি ছাড়া অন্য কেহ হলে/বুথে প্রবেশ করতে পারবেন না।
৭. আবেদনপত্র জমাদান শেষে বুথের ভিতর অবস্থান করা যাবে না। বুথ হতে দ্রুত প্রস্থান করতে হবে।
৮. কমিশন ভবনের প্রবেশপথে প্রদর্শিত প্রার্থীদের জন্য প্রদত্ত নির্দেশনা সংবলিত ব্যানারের নির্দেশনাসমূহ অনুসরণ করে নির্ধারিত হলরুমে প্রবেশ করে ফরম জমা দিতে হবে।
৯. আবেদনপত্র ইনভেলাপে ভরে জমা দেয়া বাধ্যতামূলক নয়।
১০. কোনো প্রার্থীর কোনো ভুল তথ্য সংশোধন করার প্রয়োজন হলে তিনি কমিশনের পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার) বরাবর দরখাস্ত করে কমিশন ভবনের প্রবেশ পথে অবস্থিত কাউন্টারে অভ্যর্থনাকারীর নিকট জমা দিতে হবে।
১১. সকাল ১০:০০ টা থেকে দুপুর ১:০০টা পর্যন্ত আবেদনপত্র জমাদানকারীদের ভিড় বেশি হয়। কাজেই ভিড় এড়ানোর বিকল্প বিবেচনায় বিকাল ২:০০টা থেকে ৪:০০টা পর্যন্ত ফরম জমা দেয়া যেতে পারে।



[আ. ই. ম. নেহার উদ্দিন]  
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)